

৩. কৃষক কার্ড কর্মসূচি বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

যেহেতু কৃষক কার্ড কর্মসূচি বাস্তবায়ন অত্যন্ত জটিল ও চ্যালেঞ্জিং একটি প্রক্রিয়া, এটি কয়েকটি পর্যায় বা ধাপের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।

৩.১. প্রি-পাইলটিং:

প্রি-পাইলটিং এর সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ

- (১) কৃষকের সঠিক পরিসংখ্যান তৈরির পরিকল্পনা ও গাইডলাইনের বাস্তব প্রয়োগ পরীক্ষা করা;
- (২) কৃষক সংশ্লিষ্ট সকল সরকারি সেবা স্বচ্ছ ও সহজভাবে কৃষক কার্ডের মাধ্যমে পৌঁছে দেয়ার গাইডলাইন সুনির্দিষ্টকরণ;
- (৩) মূল্যায়নের জাতীয় কৃষক কার্ড তৈরির ভিত্তি সুনির্দিষ্টকরণ।

প্রি-পাইলটিং এর আওতায় আগামী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে দেশের ৮(আট)টি বিভাগের ৯টি উপজেলার অন্তর্ভুক্ত ৯টি ব্লকের সকল শ্রেণীর কৃষকের তথ্য সংগ্রহ (ছক, সংযুক্তি-ক), কৃষক কার্ড বিতরণসহ ভূমিহীন, প্রান্তিক ও ক্ষুদ্র শ্রেণীর কৃষকগণকে জনপ্রতি ২৫০০ (দুইহাজার পাঁচশত) টাকা হারে খরিপ-১ ও খরিপ-২ মৌসুমের ফসল উৎপাদনের জন্য আর্থিক অনুদান প্রদান করা হবে। পাইলটিং এর আওতায় একজন কৃষক কীভাবে লাভবান হবেন এবং দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা যাবে তার একটি উদাহরণ সংলগ্নী-৬ তে দেয়া হলো। প্রস্তাবিত উপজেলাসমূহ হলো- সদর উপজেলা (টাঙ্গাইল), শিবগঞ্জ উপজেলা (বগুড়া), সদর উপজেলা (পঞ্চগড়), ইসলামপুর উপজেলা (জামালপুর), শৈলকুপা উপজেলা (ঝিনাইদহ), নেছারাবাদ উপজেলা (পিরোজপুর), জুড়ী উপজেলা (মৌলভীবাজার), সদর আদর্শ উপজেলা (কুমিল্লা) ও টেকনাফ উপজেলা (কক্সবাজার)। উল্লিখিত ৯ (নয়) টি উপজেলার ৯ (নয়) টি ব্লকের ১৯৩০৫ জন কৃষকের তথ্যাদি সংগ্রহ করা হবে যা নিম্নে উল্লেখ করা হলো-

ছক-১. প্রস্তাবিত ব্লকসমূহে শ্রেণিভিত্তিক কৃষকের পরিসংখ্যান:

ক্রম	বিভাগ	জেলা	উপজেলা ও ব্লক	শ্রেণিভিত্তিক কৃষকের পরিসংখ্যান					সর্বমোট
				ভূমিহীন	প্রান্তিক	ক্ষুদ্র	মাঝারী	বড়	
১	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর (কমলাপুর)	১৬০	২২০	৫৬০	২২৬	২৮	১১৯৪
২	রাজশাহী	বগুড়া	শিবগঞ্জ (উখলি)	১৭৫	১,৫০০	১৪৫০	৪৫৩	১৭	৩৫৯৫
৩	খুলনা	ঝিনাইদহ	শৈলকুপা (কুপালপুর)	২৪০	৫২০	৬০০	৩৮০	১০০	১৮৪০
৪	বরিশাল	পিরোজপুর	নেছারাবাদ (রাজাবাড়ী)	৪৮০	১০৪৯	১১৫৪	১১৮	০	২৮০১
৫	চট্টগ্রাম	কক্সবাজার	টেকনাফ (রাজারছড়া)	৩৫০	২৫০	১২০	৬০	১০	৭৯০
৬	চট্টগ্রাম	কুমিল্লা	আদর্শ সদর (অরণ্যপুর)	২১১	৫৯৫	৬২৮	৯৫	৮	১৪১৫
৭	ময়মনসিংহ	জামালপুর	ইসলামপুর (গাইবান্ধা)	৭০	১৪০০	২৫০০	১০০০	৩০	৫০০০
৮	ঢাকা	টাঙ্গাইল	টাঙ্গাইল সদর (সুরুজ)	২৫৫	৬১০	৫৯৪	১১০	১	১৫৭০
৯	সিলেট	মৌলভীবাজার	জুড়ী (গোয়াল বাড়ী)	১৩০	৩৬৫	৪৩৫	১৪০	৩০	১১০০
সর্বমোট:				২০১৭	৬৩৭৪	৮০৯০	২৬০৪	২২০	১৯৩০৫

**কৃষকের প্রকৃত সংখ্যা জরিপ পরবর্তীতে কম-বেশি হতে পারে।

(সূত্র:

ডিএই)

প্রি-পাইলটিং এর মাধ্যমে একদিকে পাইলটিং-এর প্রস্তুতি অন্যদিকে মাঠ কর্মসূচি বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ সহজেই সনাক্ত করা সম্ভব হবে। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রাক্কলিত বাজেট ৬,৭৯,৪৫,২০০.০০ (ছয় কোটি উনসত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত) টাকা নির্ধারণ করা হয়েছে (ছক- ২ ও ৩)।